গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা- ১০০০
www.cga.gov.bd

নম্বর: ০৭.০৩.০০০০.০০৩.৬৫.৪৪০.১৮- তারিখ: /০৭/২০২১ খ্রি.

**বিষয়: নতুন নিয়োগপ্রাপ্ত সরকারি কর্মচারীর জিপিএফ হিসাব খোলা এবং ইতোমধ্যে খোলা জিপিএফ হিসাবধারীদের নমিনির তথ্য সংযোজন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি সদয় আকর্ষণ করা যাচ্ছে।

পাবলিক ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট (পিএফএম) অ্যাকশন প্লান ২০১৮-২৩ এর অ্যাকশন ২৮ এ বর্ণিত সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জিপিএফ হিসাবের ব্যালেন্স এর সঠিকতা নিশ্চিতকরণ এবং জিপিএফ সংক্রান্ত তথ্যসমূহ কেন্দ্রীয়ভাবে আইবাস++ সিস্টেমে সঠিকভাবে সংরক্ষণ এবং সকল জিপিএফ হিসাব সম্বলিত একটি বার্ষিক প্রতিবেদন প্রণয়নের নিমিত্ত নতুন নিয়োগপ্রাপ্ত সরকারি কর্মচারীর জিপিএফ হিসাব খোলা এবং ইতোমধ্যে খোলা জিপিএফ হিসাবধারীদের নমিনির তথ্য সংযোজন এর লক্ষ্যে আইবাস++ সিস্টেমে প্রয়োজনীয় মেনু সংযোজন করা হয়েছে।

২। একজন সরকারি কর্মচারী চাকরিতে প্রথম নিয়োগের পর জিপিএফ হিসাব খুলতে ইচ্ছুক হলে আইবাস++ সিস্টেমের Budget Execution মডিউল হতে GPF Account Opening শীর্ষক মেনু ব্যবহার করে অনলাইনের মাধ্যমে সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস বরাবর হিসাব খোলার আবেদন প্রেরণ করতে পারবেন। সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস কর্তৃক আবেদন যাচাইপূর্বক অনুমোদিত হলে আইবাস++ সিস্টেম হতে স্বয়ংক্রিয়ভাবে ১০-ডিজিট বিশিষ্ট একটি জিপিএফ হিসাব নম্বর প্রাপ্ত হবেন। ইতোমধ্যে ম্যানুয়ালি খোলা জিপিএফ হিসাবধারীদের ক্ষেত্রে আইবাস++ সিস্টেম হতে পূর্বের হিসাব নম্বরের বিপরীতে ১০-ডিজিট বিশিষ্ট একটি জিপিএফ হিসাব নম্বর প্রদান করা হয়েছে।

৩। ইতোমধ্যে খোলা জিপিএফ হিসাবধারীদের নমিনির তথ্য বর্তমানে ম্যানুয়ালি সংরক্ষিত আছে। আইবাস++ সিস্টেমে জিপিএফ হিসাবধারীদের নমিনির তথ্য কেন্দ্রীয়ভাবে আইবাস++ সিস্টেমে সংরক্ষণের জন্য Budget Execution মডিউল হতে GPF Subscriber Nominee Entry শীর্ষক মেনু ব্যবহার করে অনলাইনে একজন সরকারি কর্মচারী নমিনির তথ্য সংযোজনের প্রক্রিয়া সম্পন্ন করতে পারবেন।

এমতাবস্থায়, এ পত্রে উল্লেখিত উপর্যুক্ত বিষয়সমূহ সকল সিএএফও/ডিসিএ/ডিএএফও/ইউএও কার্যালয়সমূহকে তাদের আওতাধীন ডিডিওসমূহকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।

স্বা.
(মো: মামুন-উল-মান্নান)
অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি)
ফোন: ৯৩৬০৮৫৯
E-mail:addlcga@cga.gov.bd

সংযুক্তি: সংশ্লিষ্ট গাইডলাইন

কার্যার্থে:

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)
ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল)
জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)
উপজেলা একাউন্টস অফিসার (সকল)

CamScanner

নম্বর: ০৭.০৩.০০০০.০০৩.৬৫.৪৪০.১৮- ২২৭ (৪)

তারিখ: ২২/০৭/২০২১ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল, অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল, ঢাকা-১০০০।

[দৃষ্টি আকর্ষণ: ডিসিএজি (এএন্ডআর)]

২। অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন)।

৩। জাতীয় প্রকল্প পরিচালক, এসপিএফএমএসপি টু এনাবল সার্ভিস ডেলিভারী প্রোগ্রাম, ইঞ্জিনিয়ারিং ইন্সটিটিউশন, আইইবি (রমনা), ঢাকা-১০০০।

৪। সিনিয়র সিস্টেম অ্যানালিস্ট (হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয় এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৫। টিম লিডার, আইবাস++, এসপিএফএমএস কর্মসূচি, ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন ভবন, ঢাকা (GPF Account Opening এবং GPF Subscriber Nominee Entry শীর্ষক মেনু ব্যবহার সংক্রান্ত গাইডলাইন (PPT) আইবাস++ সিস্টেমের Budget Execution মডিউল এর নোটিশ বোর্ড এ সংযোজনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধসহ )।

৬। অফিস কপি।

M. Kabir 22/7/21

(মোহাম্মদ কবির হোসেন, সিপিএফএ)
উপ হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব-১)
ফোনঃ ৪৯৩৪৯৮৪৪
email: dcgaacc@cga.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়
নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।
www.dao.nasirnagar.brahmanbaria.gov.bd

নং- ০৭.০৩.১২৯০.০০০.১১.০৫৬.২৩- ৬৮

তারিখঃ- ০৪-১২-২০২৩ খ্রিঃ।

বরাবর

আয়ন ব্যয়ন কর্মকর্তা (সকল)
নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।

সিজিএ মহোদয়ের উল্লেখিত স্মারক অনুসরন করে আইবাস++ এর GPF Subscriber Nominee Entry মেনুর মাধ্যমে অনলাইনে নমিনির তথ্য সংযোজন পূর্বক এ কার্যালয়কে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হল।

**বিষয়টি অতবী জরুরী**

(ওয়াহিদুর রহমান)
উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা(অঃদাঃ)
নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।
ফোনঃ ০২৩৩৪৪৩৩৩৩৬/০১৩১৮৩৮০৫৬২

CamScanner